# সভার মন্তব্য

## ০৩নং তারাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

### বিশেষ (বাজেট) সভা

স্থানঃ ইউ.পি অফিস মাঠ

তারিখ ঃ ০১/০৫/২০২৩ ইং, সময়ঃ সকাল ৩.০০ ঘটিকা।

## উপস্থিত সভ্যগণের নাম

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ আমিনুল ইসলাম | চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ মিনু বেগম | সংরক্ষিত সদস্যা | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ বেগম | ঐ | স্বাক্ষরিত |
| ০৪ | মোছাঃ মনোয়ারা বেগম | ঐ | স্বাক্ষরিত |
| ০৫ | মোঃ ওবায়দুল রহমান মিটু | সাধারণ সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ আমিনুল ইসলাম বসুনিয়া | ঐ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ আশেক আলী | ঐ | স্বাক্ষরিত |
| ০৮ | মোঃ আঃ রশিদ | ঐ | স্বাক্ষরিত |
| ০৯ | মোঃ শাহ আলম | ঐ | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ সুজন মিয়া | ঐ | স্বাক্ষরিত |
| ১১ | মোঃ আঃ রাজ্জাক মিয়া রাজু | ঐ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ রুহুল আমিন | ঐ | স্বাক্ষরিত |
| ১৩ | মোঃ জাহিদুল ইসলাম | ঐ | স্বাক্ষরিত |
| ১৪ | মোঃ নুরজামান মিয়া | ইউপি সচিব | স্বাক্ষরিত |

## সভার আলোচ্য বিষয়

১। গত সভার কার্যবিরণী পাঠ ও অনুমোদন।

২। ২০২৩-২০২৪ অর্থ বছরে অত্র ০৩নং তারাপুর ইউনিয়ন পরিষদের প্রস্তাবিত খসড়া বাজেট উন্মুক্ত ঘোষণা, অনুমোদন ও দাখিল প্রসঙ্গে।

৩। বিবিধ।

## সভার কার্যবিবরণী

জনাব **মোঃ আমিনুল ইসলাম**, চেয়ারম্যান, ০৩নং তারাপুর ইউ,পি সাহেবের সভাপতিত্বে অদ্যকার সভার সভার কাজ আরম্ভ করা হলো।

১। গত সভার কার্যবিবরণী পাঠ করা হল এবং কোন প্রকার আপত্তি না থাকায় তা সভার সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

২। অদ্যকার সভার সভাপতি সাহেব উপস্থিত সকলকে জানালেন যে, আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ০৩নং তারাপুর ইউনিয়নের বার্ষিক বাজেট প্রণয়ন করা হয়েছে। প্রণয়নকৃত বাজেট ইউনিয়ন বাজেট সভা ও ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি সভায় অনুমোদন পূর্বক অবিলম্বে তা উপজেলা নির্বাহী অফিসারের নিকট পাঠাতে হবে। সভাপতি সাহেবের বক্তব্য আলোচনান্তে গত ১৮-০৪-২০২৩ইং তারিখে ইউ.পি. সচিব কর্তৃক প্রণয়নকৃত ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া বাজেট, সভায় উপস্থাপন করা হয়। এতে দেখা যায় যে, প্রতিটি ওয়ার্ড সভায় গৃহীত প্রকল্পের খাত সমূহকে অগ্রাধিকার দেয়া হয়েছে। বাজেটের এ আলোচনায় সকল সদস্য-সদস্যাগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং তারা জানান যে, প্রস্তাবিত বাজেটটি অত্র ইউপি'র ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য যথাপোযুক্ত হয়েছে। উল্লেখ্য প্রস্তাবিত বাজেটের আয় খাতে ২,৩০,৮২,৩২০/- (দুই কোটি চুয়ান্ন লক্ষ ছিয়ট্টি হাজার ষাট) টাকা, ব্যয় খাতে ২৩,০৪,৫৩২/- (দুই কোটি চুয়ান্ন লক্ষ ষোল হাজার ষাট) টাকা এবং বাজেট অনুমোদন নাহওয়া পর্যন্ত ইউ.পি'র ব্যয় ভার বহন করার জন্য উদ্বৃত্ত হিসেবে ৩৭,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা রাখা হয়েছে। পবিত্র কোরআন ও গীতা পাঠের মধ্য দিয়ে উন্মুক্ত বাজেট অধিবেশন শুরু করা হয়। শুরুতে চেয়ারম্যান সাহেব স্বাগত বক্তব্য রাখেন। অংশগ্রহণকারীদের মধ্যে বাজেটের খসড়া কপি বিতরণ করা হয়। ইউ.পি. সচিব, গত বছরের প্রকৃত আয়-ব্যয়, বর্তমান বছরের বাজেট বাস্তবায়নের অগগতি এবং আগামী বছরের খসড়া বাজেট জনসম্মুখে উপস্থাপন করেন। চেয়ারম্যান সাহেব বাজেট সম্পর্কিত জনগণের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। অংশগ্রহণকারীরা বাজেট অধিবেশন সম্পর্কে তাদের অনুভূতি প্রকাশ করেন এবং তাদের মধ্য থেকেও বক্তব্য রাখেন। এতে করে দেখা যায় যে, বাজেটটি জনগণের সন্তুষ্টি অর্জন করেছে। তথাপি জনগণের চাহিদার ভিত্তিতে বাজেটের সামান্য কিছু সংযোজন ও সংশোধন পূর্বক তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরে তা চুড়ান্ত অনুমোদনের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণের জন্য সভাপতি সাহেবকে অনুরোধ জানানো হয়।

৩। বিবিধ বিষয়ে কোন প্রকার আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করলেন।

স্বাক্ষরিত, সভাপতি